

মিডিয়া বিজ্ঞপ্তি

## নির্ধারিত সময়ে সামিট গাজীপুর ২ পাওয়ার লিমিটেডের ৩০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন শুরু



**ফটো ক্যাপশন:** এলওআই ইস্যুর ৯ মাসের মধ্যে ৩০০ মেগাওয়াট ক্ষমতার সামিট গাজীপুর ২ পাওয়ার লিমিটেডের বিদ্যুৎ উৎপাদন শুরু।

(ঢাকা) ০৯ মে, ২০১৮: বাংলাদেশের বৃহত্তম স্বতন্ত্র বিদ্যুৎ উৎপাদনকারি (আইপিপি) প্রতিষ্ঠান সামিট, ৩০০ মেগাওয়াট ক্ষমতার এইচএফও জ্বালানি ভিত্তিক রেসিপ্রোকেটিং ইঞ্জিনের আরও একটি বিদ্যুৎ কেন্দ্রের নির্মাণকাজ সম্পন্ন করেছে। সামিট গাজীপুর ২ পাওয়ার লিমিটেড ৫ মে, ২০১৮ সাল থেকে জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরাহ শুরু করেছে। বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড (বিপিডিবি) এবং বিদ্যুৎ জ্বালানি এবং খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগ কর্তৃক নির্ধারিত ফাস্ট ট্র্যাক এই বিদ্যুৎ প্রকল্পটি মাত্র ৯ মাসের মধ্যে বাস্তবায়িত হলো।

এই প্রকল্পটি ১০ আগস্ট, ২০১৭ তারিখে লেটার অফ ইন্টেন্ট (এলওআই) পায় এবং মাত্র ৯ মাসের শেষে ০৯ মে, ২০১৮-তে, ‘১০০ ঘণ্টা রিলায়বিলিটি রান টেস্ট’ এবং ‘ডিপেন্ডেবল ক্যাপাসিটি টেস্ট’ সম্পন্ন করে।

**সামিট গাজীপুর ২ পাওয়ার লিমিটেড সম্পর্কে বিস্তারিত:**

সামিট গাজীপুর ২ পাওয়ার লিমিটেড, সামিট কর্পোরেশন লিমিটেড এবং সামিট পাওয়ার লিমিটেডের একটি জয়েন্ট ভেঙ্গার কোম্পানী। এই কোম্পানী ১০ আগস্ট, ২০১৭ তারিখে লেটার অফ ইন্টেন্ট (এলওআই) পায় এবং এর ধারাবাহিকতায় ১০ ডিসেম্বর, ২০১৭ সালে বাংলাদেশ সরকারের সাথে ১৫ বছর মেয়াদী বিদ্যুৎ ক্রয় চুক্তি (পিপিএ) এবং বাস্তবায়ন চুক্তি (আইএ) সম্পন্ন করে।

সামিট গাজীপুর ২ পাওয়ার লিমিটেড ঢাকা থেকে ৩০ কিমি দূরে গাজীপুর জেলার কড়ায় অবস্থিত। এই বিদ্যুৎ কেন্দ্রটি ২৩০ কেভিটে টংগী এবং কালিয়াকৈর এর গ্রীড সাবস্টেশনে বিদ্যুৎ সরবরাহ করছে।

**বিস্তারিত তথ্যের জন্য:**

মোহসেনা হাসান | ইমেইল-[mohsena.hassan@summit-centre.com](mailto:mohsena.hassan@summit-centre.com) | মোবাইল- ০১৭১৩০৮১৯০৫